গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
(কর প্রশাসন-২ শাখা)
www.nbr.gov.bd

স্মারক নম্বর-০৮.০১.০০০০.০২০.০১.৩৭৬.১৭/৫৫

তারিখঃ ২০ ফাল্গুন, ১৪২৯
০৫ মার্চ, ২০২৩

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোহাম্মদ এহছানুল হক, কর পরিদর্শক, সার্কেল-১১৪, কর অঞ্চল-৬, ঢাকা বাংলাদেশ সরকারি কর্ম কমিশন এর সুপারিশক্রমে জাতীয় রাজস্ব বোর্ডের ২২/০৩/২০১৭ খ্রিঃ তারিখের স্মারক নম্বর- ২(১১)কর প্রশাসন-২/২০১৬/৩৭ মোতাবেক কর পরিদর্শক পদে পদোন্নতি প্রাপ্ত হয়ে বিগত ২২/০৩/২০১৭ খ্রিঃ তারিখে কর পরিদর্শক পদে যোগদান করেন। আপনার অনুকূলে পরবর্তীতে জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নম্বর-০৮.০১.০০০০.০২০.০৫. ০০১.২০.৯৫/২৪০, তারিখঃ ২৪/১২/২০২০ খ্রিঃ মোতাবেক ০৯/১২/২০২০ খ্রিঃ হতে ২৩/১২/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ১৫(পনের) দিনের বহিঃবাংলাদেশ (অস্ট্রেলিয়া) ছুটি মঞ্জুর করা হয়। আপনি ২৬/১২/২০২০ খ্রিঃ তরিখে বহিঃবাংলাদেশ (অস্ট্রেলিয়া) গমন করেন। বহিঃবাংলাদেশ (অস্ট্রেলিয়া) ছুটি ভোগ শেষে ১০/০১/২০২১ খ্রিঃ তারিখ বর্তমান কর্মস্থলে যোগদান করার কথা থাকলেও কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ১০/০১/২০২১ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্মে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মে অনুপস্থিত থাকার কারণে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" ও ৩(গ) অনুযায়ী "পলায়ন" (Desertion) এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। বিভাগীয় মামলার অভিযোগ বিবরণী ও অভিযোগনামার পরিপ্রেক্ষিতে আপনি ই-মেইল এ প্রেরিত অভিযোগনামার জবাবে উল্লেখ করেন যে, শারীরিক ও মানসিক অসুস্থতার কারণে এবং করোনা মহামারীর কারণে বর্ডার নিষেধাজ্ঞা ও ফ্লাইট বন্ধ থাকায় আসতে পারছেন না বিধায় পুনরায় ১০/০৬/২০২১ খ্রিঃ হতে ০৯/০৭/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১(এক) মাসের বহিঃবাংলাদেশ ছুটি বর্ধিত করার জন্য আবেদন করেন। আপনি নির্ধারিত সময়ের মধ্যে ই-মেইল যোগে জবাব প্রদান করলেও অভিযোগনামার জবাব সন্তোষজনক নয়;

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত "অসদাচরণ" ও "পলায়ন" অভিযোগ তদন্তের জন্য একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, আপনার আচরণ অপেশাদারসুলভ, সরকারী কাজে অবহেলা, উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে দায়িত্ব পালনে চরম অবহেলা এবং বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর না হলেও কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে এবং সরকারী চাকরির প্রতি শ্রদ্ধাশীল না হয়ে বিদেশে (অস্ট্রেলিয়া) অবস্থান করা আপনার অভ্যাসগত বিষয়ে পরিণত হওয়ায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" ও ৩(গ) অনুযায়ী "পলায়ন" (Desertion) এর অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) অনুযায়ী "অসদাচরণ" ও "পলায়ন" (Desertion) এর দায়ে অভিযুক্ত করে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(১)(গ) মোতাবেক কেন "চাকরি হতে অপসারণ" করা হবে না মর্মে দন্ড নির্ধারণপূর্বক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়; দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের প্রতিউত্তরে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে আপনি সন্তোষজনক জবাব প্রদান করতে ব্যর্থ হন;

যেহেতু, আপনার বিরুদ্ধে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন এর পরামর্শ চাওয়া হলে কমিশন "চাকরি হতে অপসারণ" দন্ড প্রদানের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

সেহেতু, জনাব মোহাম্মদ এহছানুল হক, কর পরিদর্শক, সার্কেল-১১৪, কর অঞ্চল-৬, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(১)(গ) মোতাবেক সরকারি চাকরি থেকে ১০/০১/২০২১ খ্রিঃ তারিখ হতে "চাকরি হতে অপসারণ" (Removal from Service) করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(সৈয়দ মোহাম্মদ আবু দাউদ)
সদস্য
(কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)

স্মারক নম্বর-০৮.০১.০০০০.০২০.০১.৩৭৬.১৭/ ৫৫ তারিখঃ ২০ ফাল্গুন, ১৪২৯ / ০৫ মার্চ, ২০২৩

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। H.E. Mr. M. Allama Siddiki, High Commissioner, High Commission for People's Republic of Bangladesh, Canberra, Australia.
৪। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা/বোর্ড প্রশাসন/ কর নীতি/কর আপীল ও অব্যাহতি/কর জরীপ ও পরিদর্শন/ কর লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট/অডিট, ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন/তথ্য ব্যবস্থাপনা সেবা/ ইন্টারন্যাশনাল ট্যাক্সেস), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/ গবেষণা ও পরিসংখ্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা/বিসিএস কর একাডেমী, ঢাকা।
৬। কর কমিশনার, কর অঞ্চল- ১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫, ঢাকা।
৭। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪, চট্টগ্রাম।
৮। কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট/কেন্দ্রীয় জরিপ অঞ্চল,বাংলাদেশ, ঢাকা।
৯। কর কমিশনার, কর অঞ্চল-রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/গাজীপুর/ময়মনসিংহ/নারায়ণগঞ্জ/বগুড়া/কুমিল্লা।
১০। কর কমিশনার (আপীল), কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা/খুলনা/চট্টগ্রাম/রাজশাহী।
১১। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১২। প্রথম সচিব, কর প্রশাসন/কর পরিবীক্ষণ ও প্রশিক্ষণ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা/বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা............
১৪। চেয়াম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৫। MR. MD. AHSANUL HAQUE, INSPECTOR OF TAXES, 601/1, Palmerston Cct, Palmerston City NT 0830, Canberra, Australia. Mobile: 0476279955
১৬। ব্যক্তিগত নথি।

০৫/০৩/২৩
(মোঃ জসিম উদ্দিন)
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-২)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।